ভোরের কাগজ

তারিখ ... FEB. 06 2000
পৃষ্ঠা ১৬ কলাম ১

# খুলনায় বিতর্কিত পুস্তিকার প্রকাশক গ্রেপ্তার

খুলনা প্রতিনিধি : 'আহলে হাদিস' মতাবলম্বীদের যে প্রকাশনাটির বক্তব্য নিয়ে বিতর্ক উঠেছে, সেই পুস্তিকার প্রকাশক মোঃ ইমতিয়াজ আমিনকে পুলিশ গতকাল শনিবার গ্রেপ্তার করেছে। তাকে জেলহাজতে পাঠানো হয়েছে। এদিকে ঐ পুস্তিকাটি নিষিদ্ধ ঘোষণার জন্য স্থানীয় পুলিশ কর্তৃপক্ষ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সুপারিশ করেছে।

জানা গেছে, পুস্তিকাটির প্রচ্ছদে লেখা রয়েছে : 'আল্লাহ কি নিরাকার?', 'আল্লাহ কি সর্বত্র বিরাজমান?'। এই পুস্তিকার বক্তব্যই মুসল্লিদের ক্ষুব্ধ করে তোলে। স্থানীয় ইমাম পরিষদের আহ্বানে গত শুক্রবার খালিশপুরের পিপলস গোল চত্বরে মুসল্লিরা সমবেত হয়। পরে হাজার দুই বিক্ষুব্ধ মিছিলকারীর হাতে 'আহলে হাদিস' মতাবলম্বীদের একটি ওয়াজ মাহফিলের জন্য নির্মিত প্যান্ডেল ভাঙচুর হয়। মিছিলকারীরা তাদের একটি মসজিদ, পাঠাগার ও একজন সংগঠক মাওলানা আব্দুর রউফের বাড়িও ভাঙচুর করে। পুলিশ এ সময়ে বিক্ষুব্ধ ২৫ মিছিলকারীকে গ্রেপ্তার করে। গতকাল শনিবার তাদেরকে জেলহাজতে পাঠানো হয়েছে।

গত শুক্রবারের ঘটনায় আহলে হাদিস জামে মসজিদের সেক্রেটারি শাহাবুদ্দীন বাদী হয়ে খালিশপুর থানায় একটি মামলা দায়ের করেছেন। আসামি করা হয়েছে ৪০ জনকে। একটি সূত্র জানায়, স্থানীয় ইমাম পরিষদ ক্ষতিগ্রস্ত পাঠাগারটি সংস্কার করে দিতে সম্মত হয়েছে। তবে তথ্যটি সংশ্লিষ্ট সংগঠনের পক্ষ থেকে নিশ্চিত করা যায়নি।

23